

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা



জননিরাপত্তা বিভাগের অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের মে/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মোস্তাফিজুর রহমান. বিপিএএ সিনিয়র সচিব
সভার তারিখ	২৪ মে, ২০২৩
সভার সময়	সকাল ১০.১৫ টা
স্থান	সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি), অতিরিক্ত সচিব (উন্নয়ন), যুগ্মসচিব (পুলিশ-২), যুগ্মসচিব (আইন), যুগ্মসচিব (পেরিকল্পনা) এবং অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভাপতি অধিদপ্তর/সংস্থার প্রতিনিধিদের সাথে মতামত বিনিময় করেন। গত সভার কার্যবিবরণী'র কোন সংযোজন বা সংশোধন না থাকায় তা দৃষ্টীকরণ করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি)-কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি) এর অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) সভার কার্যপত্রে উল্লিখিত আলোচ্যসূচি এবং মে ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি ক্রমান্বয়ে উপস্থাপন করা হয়। সভায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মেনে সকল দপ্তর সংস্থার **website** হালনাগাদ করে তাদের উল্লেখযোগ্য অর্জন ও কার্যাবলীর সচিত্র বিবরণী মেনুবারে নতুন করে সংযোজন করা এবং প্রয়োজনীয় তথ্য আপডেট করার বিষয়ে আলোচনা হয়। **APA, NIS ও Citizen's Charter** ইত্যাদি'র সূচকসমূহ যথাসময়ে পূরণ করা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ/ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে গুরুত্বারোপ করেন। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (**GRS**) সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিসহ সকল দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করার উপর গুরুত্বারোপ করেন। এছাড়াও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (**GRS**) সম্পর্কে ব্যাপক ধারণা অর্জন করতে হবে এবং প্রয়োজনে সংশ্লিষ্টদের প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

সভাপতি ই-নথির প্রয়োজনীয়তা উল্লেখ করে তিনি বলেন যে, ই-নথি ব্যবহারে অনেক সুবিধা রয়েছে। ডি-নথিতে স্থানান্তরিত হলে সুযোগ-সুবিধা অনেকাংশে বৃদ্ধি পাবে এবং কার্যক্রম আরো সহজতর হবে। যে সকল দপ্তর/সংস্থাসমূহ ই-নথি ব্যবহারে পিছিয়ে আছে তাদের ই-নথি কার্যক্রম বৃদ্ধি করার জন্য প্রয়োজনে তাদের প্রশিক্ষণ প্রদান করা বিষয়ে মত প্রদান করেন। জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনের ভাষা আরো সুনির্দিষ্ট ও তথ্যবহুল করতে হবে।

সভায় অংশগ্রহণকারী দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিগণ নিজ নিজ দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রম বিস্তারিত আলোচনা করেন। জননিরাপত্তা বিভাগের নির্দেশনায় সকল দপ্তর/ সংস্থা দেশের মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে সচেষ্ট রয়েছে এবং আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে ব্যবস্থা গ্রহণ করছে মর্মে তারা সভায় উল্লেখ করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	দপ্তর/ সংস্থার website হালনাগাদ করে তাদের উল্লেখযোগ্য অর্জন ও কার্যাবলীর সচিত্র বিবরণী মেনুবারে নতুন করে আগামী ২০-০৬-২০২৩ তারিখের মধ্যে এটুআই এর ফরমেট অনুযায়ী সংযোজন এবং প্রয়োজনীয় তথ্য আপডেট করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	দপ্তর/সংস্থা সকল/ সিস্টেম এনালিস্ট
০২.	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। ডিজিটাল মেনুয়াল তৈরি করে সকল দপ্তর/ সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে এর কার্যক্রম গ্রহণপূর্বক প্রশিক্ষণ/ ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে দ্রুত কার্যকর করতে হবে।	দপ্তর/সংস্থা সকল
০৩.	ই-নথি কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে দপ্তর/সংস্থাসমূহের দপ্তরে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া এ বিষয়ে কত জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এর তালিকা পরবর্তী সভার পূর্বে জননিরাপত্তা বিভাগে প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থা সকল/ অনুবিভাগ প্রধান সকল/ সিস্টেম এনালিস্ট
০৪.	মন্ত্রিপরিষদ বিভাগে ৩০ মে, ২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন সভার সিদ্ধান্তের প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক তা বাস্তবায়ন করার উদ্যোগ নিতে হবে।	দপ্তর/সংস্থা সকল/ অনুবিভাগ প্রধান সকল
০৫.	দপ্তর/সংস্থাসমূহের পেন্ডিং এর বিষয়ে স্ব-স্ব অনুবিভাগ তাদের অধিদপ্তরের সাথে সমন্বয় করে ম্যাট্রিক্স আকারে পেন্ডিং তালিকা প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থা সকল/ অনুবিভাগ প্রধান সকল
০৬.	জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের ই-টেন্ডার এর কার্যক্রম পর্যায়ক্রমে বৃদ্ধি করার উদ্যোগ নিতে হবে।	দপ্তর/সংস্থা সকল/ অনুবিভাগ প্রধান সকল
০৭.	অডিট আপত্তির বিষয়ে সাল অনুযায়ী বিস্তারিত তথ্যাদি সংগ্রহপূর্বক তা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিতে হবে।	দপ্তর/সংস্থা সকল/ অনুবিভাগ প্রধান সকল

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মোস্তাফিজুর রহমান. বিপিএএ
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.২৫৪

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০

০৮ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।
- ২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ
- ৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ
৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ



ফোজিয়া খান

উপসচিব